



# নয়ানগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড

## NAYANAGOR CHRISTIAN CO-OPERATIVE CREDIT UNION LIMITED

[স্থাপিত: ১৯৯২ খ্রীষ্টাব্দ, নিবন্ধন নং: ৭১/৯৮]

ন.খ্রী.কো-অপা.ক্রে.ইউ.লি./সম্পা/নি.প/২৩-২৪ (২)

তারিখ: ২০শে এপ্রিল, ২০২৪ খ্রীষ্টাব্দ

### নিয়োগ বিজ্ঞপ্তি

নয়ানগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি.-এর সার্বিক কার্যক্রম গতিশীল ও যথাযথ প্রক্রিয়ায় সম্পন্ন করার লক্ষ্যে নিম্ন বর্ণিত পদে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে যোগ্য প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	বিভাগ	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
আইটি অফিসার (MS-05)	১ জন	সফটওয়্যার বিভাগ	স্নাতক / স্নাতকোত্তর	১। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে Computer Science-এ স্নাতক/স্নাতকোত্তর হতে হবে এবং সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/সমমানের জিপিএ প্রাপ্ত হতে হবে। ২। IT সংক্রান্ত বিষয়ে ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। দায়িত্ব ও কর্তব্য: সফটওয়্যার, হার্ডওয়্যার, প্রজেক্টর, সিসিটিভি ও সকল ধরনের আইটি সংশ্লিষ্ট কার্যাবলী সম্পাদনে সহযোগিতা করতে হবে।
অফিসার (MS-05)	১ জন	হিসাব ও লেনদেন বিভাগ	অনার্স / ডিগ্রী	১। কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন বা সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানে কাজের ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ২। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে Accounting-এ অনার্স/ডিগ্রীধারী হতে হবে এবং সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/সমমানের জিপিএ প্রাপ্ত হতে হবে। ৩। Ms Word, Excel, Power Point এবং বাংলা টাইপিং কাজে দক্ষ হতে হবে। দায়িত্ব ও কর্তব্য: হিসাব বিভাগের কাজ, ব্যাংকে জমা ও উত্তোলনে সহযোগিতা করতে হবে এবং প্রয়োজনে লেনদেন করতে হবে।
জুনিয়র অফিসার (GS-01)	২ জন	খেলাপী ঋণ আদায় ও তদন্ত বিভাগ	অনার্স / ডিগ্রী	১। কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কাজের ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ২। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনার্স/ডিগ্রীধারী হতে হবে এবং সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/সমমানের জিপিএ প্রাপ্ত হতে হবে। ৩। MS Word, Excel, Power Point এবং বাংলা টাইপিং কাজে দক্ষ হতে হবে। দায়িত্ব ও কর্তব্য: খেলাপী ঋণ আদায় ও তদন্ত সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে।

চাকুরীর সুবিধাদি: সফলভাবে শিক্ষানবীশ সময় পর সমিতির কর্মী পরিষেবা বিধি অনুযায়ী বেতন স্কেল ধার্য করা হবে এবং অন্যান্য সুবিধাদি সমিতির নিয়মানুযায়ী প্রদান করা হবে।

#### আবেদনের জন্য প্রয়োজনীয়তা:

- পূর্ণ জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, সাম্প্রতিককালের দুই (২) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;
- বয়স ন্যূনতম ২৫ ও সর্বোচ্চ ৩৫ বছর (অভিজ্ঞদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য);
- অত্র সমিতির ২ জন গণ্যমান্য ব্যক্তির নাম ও ঠিকানা রেফারেন্স হিসেবে দিতে হবে;
- শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার জন্য ডাকা হবে;
- সাক্ষাৎকারের সময় সকল প্রকার সনদপত্রের মূলকপি দেখাতে হবে;
- ব্যক্তিগত যোগাযোগ বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

ধন্যবাদান্তে-

শুভজিৎ সাংমা  
সম্পাদক  
ব্যবস্থাপনা কমিটি

#### আবেদন পাঠানোর ঠিকানা

বরাবর,  
সভাপতি/সম্পাদক  
নয়ানগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি.  
ক-৪৭/১, নন্দা, গুলশান, ঢাকা-১২১২।

(আবেদনপত্র সরাসরি সমিতির অফিসে/পোস্ট অফিস/কুরিয়ার/ই-মেইল: [ncccul@gmail.com](mailto:ncccul@gmail.com) এর মাধ্যমে আগামী ৩০শে এপ্রিল, ২০২৪ খ্রীষ্টাব্দের মধ্যে প্রেরণ করতে হবে)

বিশেষ দ্রষ্টব্য: এই নিয়োগ বিজ্ঞপ্তি কোন কারণ দর্শানো ব্যতিরেকে পরিবর্তন, পরিবর্ধন, স্থগিত অথবা বাতিল করার সম্পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।